সংবাদ

তারিখ ... 13.2.86 ...
পৃষ্ঠা ... কলাম ...

027

# টাঙ্গাইলে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছে এখনো পাঠ্যবই পৌঁছেনি

টাঙ্গাইল, ১০ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—শিক্ষাবর্ষের এক মাস দশ দিন চলে গেলেও টাঙ্গাইল জেলার সরকারী-বেসরকারী কোন প্রাথমিক বিদ্যালয়ের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের কাছে এখনও পাঠ্য বই পৌঁছেনি। ফলে সমগ্র জেলার ৯১২টি সরকারী এবং ১৫৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের তিনটি শ্রেণী দুই লক্ষাধিক ছাত্র-ছাত্রী পড়াশোনায় ব্যাঘাত ঘটছে।

পাঠ্যপুস্তক না পেয়ে শিক্ষার্থীদের অভিভাবকদের অনেকেই বাইরে থেকে বই কেনার চেষ্টা করছেন। কিন্তু বাইরের লাইব্রেরীগুলোতে প্রথম থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত কোন পাঠ্যপুস্তকই মিলছে না। এই তিন শ্রেণীর সকল পাঠ্যপুস্তক সরকার থেকে বিনামূল্যে সরবরাহ করার কথা।

এব্যাপারে জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের দায়িত্বে নিয়োজিত আঞ্চলিক প্রকল্প কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান এখনও কোন উপজেলাতেই পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়নি। ইতিমধ্যেই এখানে চাহিদানুযায়ী প্রায় পাঠ্যপুস্তকই এসে গেছে। তৃতীয় শ্রেণীর সব পুস্তক এসেছে, তবে এখনও প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গণিত বই এসে পৌঁছেনি। আঞ্চলিক প্রকল্প কর্মকর্তা আরো জানান, বই বিতরণের ব্যাপারে তিনি আগামী সপ্তাহে একটি সভা ডেকেছেন। এরপর বিতরণ কাজ শুরু হবে।

কবে নাগাদ প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বই পাওয়া যাবে এবং কতদিনের মধ্যে জেলার প্রত্যন্ত এলাকার শিক্ষার্থীদের নিকট পাঠ্য বই পৌঁছবে—এই প্রশ্নের উত্তরে আঞ্চলিক প্রকল্প কর্মকর্তা সঠিক সময় বলতে পারেননি।